

## নিবেদন

সুদীর্ঘকাল ধরে উঁচুমানের কাজ করে যাওয়া যদি কোনো লেখকের শ্রেষ্ঠত্বের মানদণ্ড হয় তবে সেই মানদণ্ডে নরেন্দ্রনাথ মিত্র বাংলা ছোটগল্পের জগতে অন্যতম শ্রেষ্ঠ গল্পকার হিসেবে পরিগণিত হবেন, এই বিষয়ে সন্দেহ নেই। তিনি চারশতাধিক ছোটগল্প রচনা করেছেন। রচনার এত বাহুল্য সত্ত্বেও তিনি সেই সকল রচনায় একটি প্রত্যাশিত উচ্চমান ধরে রাখতে সক্ষম হয়েছেন। তাঁর রচনা পৃথিবীর বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে, চিত্ররূপ লাভ করেছে যা তাঁর রচনার উৎকৃষ্টতার পরিচায়ক, কিন্তু এই কথাও এর সঙ্গে স্বীকার্য যে, তাঁর রচনা প্রত্যাশিত পর্যায়ে পঠিত ও আলোচিত হয়নি। স্নাতকোত্তর স্তরে পাঠগ্রহণ কালে নরেন্দ্রনাথের রচনা আমাদের পাঠক্রমের অন্তর্ভুক্ত থাকলেও সেই সময়েই লক্ষ করি তাঁর ছোটগল্পের আলোচনার বই সুলভ নয়। বিভিন্ন সাময়িক পত্র ও সমালোচনামূলক সাহিত্যগ্রন্থে নরেন্দ্রনাথ মিত্রের ছোটগল্পের আলোচনা বিধৃত হলেও তাঁর ছোটগল্পের বিষয়ে পূর্ণাঙ্গ আলোচনার গ্রন্থ উল্লেখযোগ্য ভাবে অপ্রতুল। ইতিপূর্বে মঞ্জুরী চৌধুরী ও অঞ্জুশ্রী ভট্টাচার্য মহাশয়া নরেন্দ্রনাথ মিত্রের ছোটগল্প বিষয়ে পুস্তক রচনা করলেও ছোটগল্পকার নরেন্দ্রনাথ মিত্রের জীবনচেতনা, তাঁর গল্পের ভাষা, সময়ের ব্যবহার, কথনরীতি, তাঁর ছোটগল্পের রূপ-রীতি ও প্রকরণশিল্প বিষয়ক আলোচনা সেখানে বিশেষ প্রাধান্য লাভ করেনি। ছোটগল্পকার নরেন্দ্রনাথ মিত্রের বিশিষ্ট জীবনবীক্ষা ও তাঁর ছোটগল্পের শিল্পরূপকে পর্যালোচনা করবার উদ্দেশ্যেই এই অভিসন্দর্ভটি পরিকল্পিত হয়েছে।

বাংলা ছোটগল্প জগতে নরেন্দ্রনাথ মিত্রের আবির্ভাবের কালটি বহুবিধ কারণেই বিশেষ গুরুত্বপূর্ণ। এক উত্তাল সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে তাঁর সাহিত্যজগতে আবির্ভাব। তাই নরেন্দ্রনাথের ছোটগল্পের বিশিষ্টতা পর্যালোচনায় তাঁর সময়কালটিও বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই কারণেই আমার সমগ্র গবেষণাঅভিসন্দর্ভটি প্রস্তুত করা হয়েছে ঐতিহাসিক সমালোচনামূলক পদ্ধতিকে অনুসরণ করে। অপরদিকে ছোটগল্পকার নরেন্দ্রনাথের জীবনবীক্ষা ও তাঁর ছোটগল্পের শিল্পরূপ বিশ্লেষণ করার সময় প্রয়োজন অনুসারে তুলনামূলক সমালোচনা পদ্ধতিকেও অবলম্বন করা হয়েছে। নরেন্দ্রনাথের পূর্ববর্তী, সমসাময়িক ও পরবর্তী ছোটগল্পকারদের রচনার সঙ্গে নরেন্দ্রনাথের রচনার তুলনার দ্বারা তাঁর রচনার বিশিষ্টতার দিকটি তুলে ধরবার প্রচেষ্টা করা হয়েছে। যেহেতু তাঁর জন্ম ও সাহিত্য জগতে আবির্ভাবের কালটি শুধু মাত্র রাজনৈতিক অস্থিরতার কারণেই উত্তাল নয়, যুদ্ধ, মন্বন্তর, স্বাধীনতা আন্দোলন, দেশবিভাগ, উদ্বাস্তু স্রোতধারা প্রভৃতিও সেই সময়ের বিশিষ্ট চিহ্ন, তাই প্রথম অধ্যায়ে নরেন্দ্রনাথের আবির্ভাব কাল ও সমকালীন প্রেক্ষাপটটি একটু বিস্তারিত ভাবে তুলে ধরবার প্রচেষ্টা করা হয়েছে।

আমার শ্রদ্ধেয় শিক্ষক শ্রী প্রসূন ঘোষ মহাশয়ের তত্ত্বাবধানে আমি এই গবেষণা অভিসন্দর্ভটি

প্রস্তুত করেছি। কর্মব্যস্ততার মধ্যেও তিনি সদাসর্বদা আমাকে উৎসাহ প্রদান করেছেন এবং এই অভিসন্দর্ভটি প্রস্তুতিতে অমূল্য উপদেশ দান করেছেন। প্রয়োজনীয় সংশোধন করে ও বিভিন্ন গ্রন্থের সন্ধান দিয়ে আমার ক্ষুদ্র প্রচেষ্টার মর্যাদা বৃদ্ধি করেছেন। তাঁর সঙ্গে আলোচনা করে ও তাঁর উপদেশ লাভ করে আমি ধন্য হয়েছি। তাঁকে আমার সশ্রদ্ধ প্রণাম জানাই।

গবেষণা অভিসন্দর্ভটি প্রস্তুতকালে বিভিন্ন প্রয়োজনীয় গ্রন্থ, সাময়িক পত্র ও তথ্যাদি সংগ্রহে উত্তরবঙ্গা রাষ্ট্রীয় গ্রন্থাগারের সকল কর্মীদের বিশেষ সহায়তা লাভ করেছি। লাইব্রেরিয়ান শ্রী রাণু চন্দ্র দে মহাশয় ও শ্রী সন্টু কর মহাশয় আমাকে বিশেষ সহযোগিতা করেছেন। তাঁদের সহৃদয় সহায়তা ব্যতীত অনেক পুরাতন ও দুস্পাপ্য গ্রন্থ ও পত্রিকা ব্যবহার করা আমার পক্ষে সম্ভব হত না। তাদের সকলকেই আমার আন্তরিক ধন্যবাদ জানাই।

আমার শ্রদ্ধেয় পিতৃদেব শ্রীযুক্ত পীযুষকান্তি চৌধুরী ও মাতৃদেবী শ্রীযুক্তা শঙ্করী চৌধুরী আমাকে সর্বদা উৎসাহ প্রদান করেছেন এবং তাঁদের বহুবছরের সংগ্রহকৃত পুস্তক সমূহ থেকে বিভিন্ন তথ্যাদি সরবরাহ করেছেন। এছাড়া আমার সুহৃদ শ্রীমতি যুথিকা ঝা মহাশয়া আমাকে অকুণ্ঠ সহযোগিতা ও প্রেরণা যুগিয়েছেন। তাঁদের উৎসাহ ব্যতীত এ কাজে অগ্রসর হওয়া আমার পক্ষে সম্ভব ছিলনা। তাদের ঋণ আমার কাছে অপরিশোধ্য।

কোচবিহার বাবুরহাটের ব্রাইট কম্পিউটার সেন্টারের শ্রী পিন্টু দাস ও শ্রী অভিজিৎ দত্ত মহাশয় আমার অভিসন্দর্ভটি টাইপ করে দিয়েছেন এবং বহু সময় ধরে পুফ সংশোধনের কাজে আমাকে সহায়তা করে আমাকে চিরকৃতজ্ঞতা পাশে বদ্ধ করেছেন।

যথাসম্ভব ত্রুটি মুক্ত রাখার প্রচেষ্টা করা হলেও গবেষণা অভিসন্দর্ভটিতে বেশ কিছু ত্রুটি রয়ে গেল, সে দায় আমার।

তারিখ ৯ ২৭.০৫.২০০৭.

স্বীকৃত চৌধুরী  
সীমান্ত চৌধুরী